ISO 9001:2015 CERTIFIED

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

# নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২

চৌয়ালা, নরসিংদী।

E-mail: narsingdipbs2@yahoo.com
Web : http://pbs2.narsingdi.gov.bd/

স্মারক নং-২৭.১২.৬৮৬০.৫৩৫.০২.০০৮.২৩. ৪২১২

তারিখঃ ২৭ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
১২ অক্টোবর, ২০২৩ খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতাসহ প্রয়োজনীয় দক্ষতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|---|
| ০১. | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০৩ জন (কম/বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ টাকা হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | বয়স ০২/১১/২০২৩ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর/ সর্বোচ্চ ৩০ বছর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য) | (ক) প্রার্থীকে কমপক্ষে এইচ,এস,সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এস, এস, সি/ সমমান ও এইচ, এস, সি/সমমান উভয় পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ২.০০ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.২৫ পেয়ে উত্তীর্ণ হতে হবে। কোন তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য বিবেচিত হবে না।<br>(খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ২০ (বিশ) ও ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে।<br>(গ) কম্পিউটার সিস্টেম পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান, দক্ষতা এবং সনদ থাকতে হবে।<br>(ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অনুযায়ী সুন্দর ও পরিচ্ছন্ন কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(চ) সঠিক নথি পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে।<br>(ছ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং এবং কম্পিউটারে মৌলিক বিষয়ে পর্যাপ্ত জ্ঞান থাকা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।<br>(জ) মহিলাদের জন্য সংরক্ষিত। | জেলা কোটার প্রাপ্যতা না থাকায়- বরগুনা, ব্রাহ্মণবাড়িয়া, গাজীপুর, হবিগঞ্জ, জয়পুরহাট, কিশোরগঞ্জ, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, ময়মনসিংহ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, নাটোর, নেত্রকোণা, রাজবাড়ী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |
| ০২. | সহকারী ক্যাশিয়ার | ০৪ জন (কম/বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ টাকা হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | বয়স ০২/১১/২০২৩ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর/ সর্বোচ্চ ৩০ বছর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য) | (ক) প্রার্থীকে কমপক্ষে এইচ,এস,সি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এস, এস, সি/ সমমান ও এইচ, এস, সি/ সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ন্যূনতম- ৩.০০ (জিপিএ- ৫.০০ এর মধ্যে) থাকতে হবে। গণিতে দক্ষতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(খ) প্রার্থীর অফিস যন্ত্রপাতিসমূহ এবং কম্পিউটার পরিচালনায় জ্ঞান ও সনদ থাকা বাধ্যতামূলক।<br>(গ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করার সক্ষমতা থাকতে হবে।<br>(ঘ) প্রার্থীকে অবশ্যই ভদ্র, বিনয়ী ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>(ঙ) প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা সরজমিনে পরিদর্শনপূর্বক যাচাই করা হবে।<br>(চ) প্রার্থীকে সমিতির অনুকূলে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা প্রদানের সামর্থ থাকতে হবে। যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে। | |

**প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগণকে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.narsingdi.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ০২/১১/২০২৩ খ্রিঃ তারিখ [redacted] অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, চৌয়ালা, নরসিংদী এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। ওয়েব সাইট হতে ডাউন লোডকৃত আবেদন ফরম ব্যতীত সাদা কাগজে, টাইপকৃত, অসম্পূর্ণ বা ভুল আবেদনপত্র, স্বাক্ষর ব্যতীত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস ব্যতীত সরাসরি কিংবা ০২/১১/২০২৩ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। **প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্র সমূহ সংযুক্ত করতঃ আবেদন করতে হবেঃ**

(ক) ওয়েব সাইট হতে A-4 সাইজের কাগজে ডাউনলোডকৃত আবেদন ফরম;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য হবে না);
(গ) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম লিখা থাকতে হবে);
(ঘ) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি;
(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(চ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;
(ছ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(জ) জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলের যে কোন তফসীলি ব্যাংক হতে ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের পে- অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৩। আগামী ০২/১১/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। এই ক্ষেত্রে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পিতা/মাতার সন্তানদের নাতি-নাতনীদের স্বপক্ষে সার্টিফিকেট (সরকারী নির্দেশনা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

E-mail: narsingdipbs2@yahoo.com
Web : http://pbs2.narsingdi.gov.bd

০৪। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশনে" নিয়োগ করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশনে থাকাকালীন সময়ে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বাৎসরিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করণসহ মূল বেতন ও অন্যান্য প্রচলিত ভাতাদি প্রদান করা হবে। অন-প্রবেশনকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত না হলে অন-প্রবেশনের মেয়াদ পরবর্তী ০৬(ছয়) মাস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে যা দুই বারের অধিক হবে না।

০৫। সরকারী/ আধা-সরকারী/সায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদেরকে উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। বাংলাদেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হয়ে থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

০৭। নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মকর্তা/কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/ মহিলা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) আবেদন করার প্রয়োজন নেই।

০৮। প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। সহকারী ক্যাশিয়ার পদে নিয়োগ প্রদানের পূর্বে পবিস ব্যবস্থাপনা কর্তৃক প্রার্থীর পারিবারিক স্বচ্ছলতা এবং পরিবারের অতীত ইতিহাস সরেজমিন যাচাই-বাচাই করা হবে। যাচাই-বাচাই এর ক্ষেত্রে কোন অসঙ্গতি পাওয়া গেলে তা বর্ণিত পদে "অযোগ্য" বিবেচিত করা হবে।

০৯। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচিত হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধানের প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা প্রযোজ্য হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষিত করা হবে।

১০। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে অব্যশই সকল শিক্ষাগত ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১২। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১৩। প্রার্থীদের লিখিত ও মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

১৪। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়- বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। জেলা প্রশাসক, নরসিংদী।
০২। পুলিশ সুপার, নরসিংদী।
০৩। মেয়র ......................... পৌরসভা, নরসিংদী।
০৪। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৬। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

(০১–০৬) সদয় অবগতির জন্য

০৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন, বাপবিবোর্ড, ঢাকা।
০৯। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .........................পবিস- ১/২/৩/৪।
১০। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, নরসিংদী।
১১। ডিজিএম, (সদর -কারিগরী)/শিবপুর/মরজাল/কুলিয়ারচর/মনোহরদী/রায়পুরা/সদর জোনাল অফিস, নরসিংদী পবিস-২।
১২। এজিএম (ওএন্ডএম), করিমপুর/চরসুবুদ্ধি/সরারচর/বেলাব/বাঁশগাড়ী সাব-জোনাল অফিস , নরসিংদী পবিস-২।
১৩। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন), নরসিংদী পবিস-২।
১৪। এজিএম (আইটি-১/২), নরসিংদী পবিস-২ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন- প্রয়োজনীয় দলিলাদিসহ)।
১৫। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (**www.pbs2.narsingdi.gov.bd**), নরসিংদী পবিস-২।
১৬। অফিস কপি/মাস্টার কপি।

(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ ২৭/০৪/২০১৪

ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখঃ ..............

**নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ডাটা এন্ট্রি অপারেটর/সহকারী ক্যাশিয়ার পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম (সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পুরণ করতে হবে)**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
**নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২**
চৌয়ালা, নরসিংদী।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং - ---------------------------------- ০৩. পদের ধরণঃ নিয়মিত

০২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে)

----------------------------------
০৪. বিজ্ঞাপনের সূত্র/ পত্রিকার নাম

-------------------------------------
০৫. প্রকাশনার তারিখ

----------------------------------
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

----------------------------
আবেদনকারীর পূর্ণ নাম
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

---------------------------------------------
০৭. জন্ম তারিখ (------- পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

----------------------------------
০৮. মাতার নাম

-----/-------/-------------(দিন/মাস/বছর)
০৯. বয়স (০২/১১/২০২৩ খ্রিঃ তারিখ)

-------------------------------------
১০. পিতার নাম

------------------------------------
১১. ধর্ম

-------------------------------------
১২. জাতীয়তা

-------------------------------------
১৩. নিজ জেলা

------------------------------
১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন): ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন):

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| | | | |
|---|---|---|---|
| -------------------------- | ----------------------- | --------------------------- | ------------------------ |
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/ থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| | | | |
|---|---|---|---|
| -------------------- | -------------------------- | ------------------------------ | ------------------------ |
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/ থানা | ঘ. জেলা |

| | | |
|---|---|---|
| ----------------------------- | ---------------------------------------- | ------------------------ |
| ১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর | ২০. ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল্য | ২১. ইস্যুর তারিখ |

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/ বিভাগ/ শ্রেনী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে):

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/ পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে):

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রাপ্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমূহ প্রদর্শন করতে বাধ্য থাকব।

---------------------------------------- ----------------------------------

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

**বিঃ দ্রঃ সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২
চৌয়ালা, নরসিংদী।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

## ডাটা এন্ট্রি অপারেটর/সহকারী ক্যাশিয়ার পদে লিখিত (এমসিকিউ)/ লিখিত (রচনামূলক)/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরনীয়)

প্রার্থীর রোল নম্বর : ----------------------------------------------------------------

পরীক্ষার তারিখ : ----------------------------------------------------------------

পরীক্ষার সময় : ----------------------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের নাম : ----------------------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ----------------------------------------------------------------

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর : --------------------------

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম : ----------------------------------------------------------------

প্রার্থীর নাম : ----------------------------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক : ------------------------------

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারন নির্দেশনাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পূনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তর পত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।